



বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/১মবর্ষ স্নাতক(পাস)/ভর্তি/১৯-২০/২০১৯/২১৬

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে
প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ তারিখ: ১৪/১১/২০১৯ থেকে ২৮/১১/২০১৯ পর্যন্ত
প্রাথমিক আবেদন ফরম জমার তারিখ: ১৪/১১/২০১৯ থেকে ৩০/১১/২০১৯ পর্যন্ত

১। আবেদনের সাধারণ যোগ্যতা


- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১৫/২০১৬/২০১৭ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৭/২০১৮/২০১৯ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- ২০১৫/২০১৬/২০১৭ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৭/২০১৮/২০১৯ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।
- বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়ে বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭-২০১৮ বা ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।
- প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে কোন শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


২। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- অন-লাইন হতে ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম ০১ (এক) কপি;
- এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের সত্যায়িত নম্বরপত্রের ফটোকপি;
- রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।

কলেজ কাশা শাখা হতে প্রাথমিক আবেদন ফরম ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও কলেজ প্রসপেক্টাস-এর জন্য নির্ধারিত ফি ৩০/- (ত্রিশ) টাকা জমাদানের রশিদ গ্রহণ করে সাউথইস্ট ব্যাংক লিঃ. কলেজ বুথ (বিজ্ঞান ভবন), দিনাজপুর-এ জমা দিয়ে আবেদন ফরম আহ্বায়ক/ভর্তি কমিটির নিকট কলা ভবনের নীচ তলায় **ডিগ্রী (পাস) শাখায়** জমা দিতে হবে। উল্লেখ্য, ব্যাংক খোলা থাকা সাপেক্ষে সকাল ১০:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত আবেদনপত্র জমা নেয়া হবে।

- বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions Degree Pass Tab এ গিয়ে Apply (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

প্রতি স্বাক্ষর

(প্রফেসর সৈয়দ মোহাম্মদ হোসেন)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


(এ.কে.এম. আল আব্দুল্লাহ)
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণি ভর্তি কমিটি ২০১৯-২০২০
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর